

ইউনিয়ন পরিষদের কার্যাবলী

ক্রমিক নং	ইউনিয়ন পরিষদের কার্যাবলী
১। ইউনিয়ন পরিষদের কার্যাবলী	
ক)	পৌর কার্যাবলী;
খ)	পুলিশ ও পরিরক্ষা ব্যবস্থা সম্পর্কিত কার্যাবলী;
গ)	রাজস্ব ও সাধারণ প্রশাসন বিষয়ক কার্যাবলী; এবং
ঘ)	উন্নয়নমূলক কার্যাবলী।
উল্লেখিত কার্যাবলীকে বহুভাবে দুটি ভাগে ভাগ করা যায়। যেমন-	
ক)	বাধ্যতা মূলক কার্যাবলী; এবং
খ)	ঐচ্ছিক কার্যাবলী।
বাধ্যতামূলক কার্যাবলী	
১।	ইউনিয়ন পরিষদের আইন-শৃঙ্খলা নিশ্চিতকরণে স্থানীয় প্রশাসনকে সহায়তা করা এবং তা রক্ষা করা।
২।	অপরাধ, অনিয়ম ও চোরা-চালান প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ;
৩।	কৃষি, বন, মৎস্য পশু-পালন, শিক্ষা, স্বাস্থ্য, কুটির-শিল্প, যোগাযোগ, সেচ ও বন্যা নিয়ন্ত্রণ বিষয়ক উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;
৪।	পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকে উৎসাহিত করা;
৫।	স্থানীয় সম্পদের উন্নয়ন ও ব্যবহার;
৬।	রাস্তা, পুল, খাল, বাধ, টেলিফোন ও বৈদ্যুতিক লাইন ইত্যাদি সরকারী সম্পদের সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করা;
৭।	ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন সংস্থার উন্নয়ন কর্মকান্ড পর্যালোচনা এবং সে সম্পর্কে উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট সুপারিশ প্রেরণ করা;
৮।	স্বাস্থ্যসম্মত লেট্রিন স্থাপনের জন্য আলোচনার মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধকরণ;
৯।	জন্ম, মৃত্যু, অন্ধ, ভিখারী ও দুঃস্থদের নিবন্ধীকরণ; ও
১০।	সব ধরনের জরীপ পরিচালনা।
ঐচ্ছিক কার্যাবলী	
১।	জনপথ ও রাজপথের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ করা; জন সাধারণের ব্যবহার উপযোগী সরকারী স্থান, খোলা জায়গা, উদ্যান এবং খেলার মাঠের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ সুযোগ;
২।	জনপথ, রাজপথ, ও বিভিন্ন সরকারী স্থানে আলোর ব্যবস্থা করা;
৩।	সাধারণ ভাবে বৃক্ষ রোপন ও সংরক্ষণ, বিশেষ করে রাস্তা ও জনগণের ব্যবহৃত জায়গায় বৃক্ষ রোপন ও সংরক্ষণ;
৪।	জন সাধারণের প্রয়োজন অনুসারে শ্মশানঘাট ও কবর স্থানের, সভানুষ্ঠানের এবং অন্যান্য

	কাজে প্রয়োজনীয়স্থানের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ;
৫।	পর্যটকদের জন্য থাকার ব্যবস্থা ও তা রক্ষণাবেক্ষণ;
৬।	সরকারী রাস্তা-ঘাট ও অন্যান্য জায়গা অবৈধ ব্যবহার প্রতিহত ও নিয়ন্ত্রণ করা;
৭।	সরকারী রাস্তা-ঘাট ও অন্যান্য স্থানে যে কোন প্রকার উপদ্রব প্রতিহত ও দূর করা;
৮।	ইউনিয়নের পরিচ্ছন্নতার রক্ষার উদ্দেশ্য স্বাস্থ্য সম্মত পয়ঃব্যবস্থা, প্রাকৃতিক সম্পদ
৯।	সংরক্ষণ করা;
১০।	এলাকার আবর্জনা সংগ্রহ করে দূর করার ব্যবস্থা ও রাস্তা-ঘাট পরিষ্কার রাখারব্যবস্থা নিয়ন্ত্রণ করা;
১১।	অপরাধমূলক ও ক্ষতিকারক ব্যবসা নিয়ন্ত্রণ করা;
১২।	মৃত পশুর দেহাবশেষ অপসারণ ও নিয়ন্ত্রণ করা;
১৩।	পশু জবাই নিয়ন্ত্রণ করা;
১৪।	ইউনিয়নে দালান নির্মাণ ও পুনঃনির্মাণ নিয়ন্ত্রণ;
১৫।	দালান বা যে কোন ঝুঁকিপূর্ণ নির্মাণ নিয়ন্ত্রণ;
১৬।	পানি সরবরাহ নিশ্চিত করার জন্য কুয়া, পুকুর, দিঘী, পানির-পাম্প এবং অন্যান্য ব্যবস্থার সুযোগ সৃষ্টি ও রক্ষণাবেক্ষণ;
১৭।	পানীয় জলের উৎস যাতে সংক্রমিত না হয় তা প্রতিহত করার ব্যবস্থা;
১৮।	জন-স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক পানির উৎস যেমন-কুয়া, পুকুর ও অন্যান্য উৎস থেকে পানির ব্যবহার নিষিদ্ধকরণ;
১৯।	পানীয় জলের উৎসের কাছে বা উৎসে যাতে গৃহপালিত পশুর গোসল বা অন্যান্য
২০।	প্রয়োজনে ব্যবহৃত না হয় তা নিয়ন্ত্রণ করা;
২১।	পুকুর বা অন্য কোন পানির উৎসের কাছাকাছি জায়গায় ধান, পাট বা অন্য কোন উদ্ভিদ
২২।	পানিতে
২৩।	ভেজানোর ব্যাপারে নিষেধাজ্ঞা জারী বা নিয়ন্ত্রণ করা;
২৪।	জন-বসতি এলাকায় চামড়া প্রক্রিয়াজাত বা রং করা বিষয়ে নিষেধাজ্ঞা জারী বা নিয়ন্ত্রণ করা;
২৫।	জন-বসতি এলাকা থেকে পাথর বা অন্য কোন দ্রব্য খনন করে উত্তোলন করার ব্যাপারে
২৬।	নিষেধাজ্ঞা জারী বা তা নিয়ন্ত্রণ করা;
২৭।	জন-বসতি এলাকায় ইটের ভাটা, কুমারের কাজ বা ও অন্য কোন ভাটা তৈরীর ব্যাপারে
২৮।	নিষেধাজ্ঞা বা নিয়ন্ত্রণ করা;
২৯।	গবাদি পশু বা অন্য কোন পশু বিক্রয় রেজিস্ট্রেশন করা; মেলা বা অন্য কোন প্রদর্শনের ব্যবস্থা করা;
৩০।	জনসাধারণের উৎসব উদযাপন করা;
৩১।	দুর্যোগ, যেমন-বন্যা, অতি বর্ষণ, ভূমিকম্প, আগুন লাগা বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগ
৩২।	মোকাবেলার জন্য রিলিফ প্রদান ব্যবস্থা করা;
৩৩।	বিধবা, মাতৃ-পিতৃহীন ছেলে মেয়ে, দরিদ্র ও অসহায় ব্যক্তির জন্য রিলিফের ব্যবস্থা করা;
৩৪।	জনগণের জন্য খেলাধুলার ব্যবস্থার উন্নতি সাধন;
৩৫।	সমবায় আন্দোলন, গ্রামীণ শিল্প-কারখানা, সমাজ-উন্নয়ন ইত্যাদি উৎসাহিত ও উন্নয়ন
৩৬।	সাধন;
৩৭।	খাদ্য-উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা;

৩৮।	<p>পরিবেশ-সংরক্ষণ ব্যবস্থার সুযোগ রাখা; গবাদি পশুর খোয়াড়ের ব্যবস্থা ও রক্ষনাবেক্ষণ; প্রাথমিক চিকিৎসা কেন্দ্রের ব্যবস্থা রাখা; লাইব্রেরী ও পড়ার জায়গার ব্যবস্থা রাখা; ইউনিয়ন পরিষদের মত একই ধরনের কাজ করছে সে রকম প্রতিষ্ঠানের সাথে সহযোগীতা করা; উপজেলা পরিষদের নির্দেশ অনুযায়ী শিক্ষার উন্নয়নে সহায়তা করা; এবং ইউনিয়নে বসবাসকারী বা আগত অতিথিদের স্বাস্থ্য, নিরাপত্তা, কল্যানমুখী কাজ, আরাম, ও সুবিধা প্রদানেরজন্য যে কোন ব্যবস্থা গ্রহণ করা।</p>
-----	---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------